অভিযানে নামতেই কয়েক কুইন্ট্যাল নিষিদ্ধ বাজি উদ্ধার, আটক ব্যবসায়ী

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: এগরা, বজবজ বাজি কাণ্ডের পর নিষিদ্ধ বাজি উদ্ধারে তৎপর হল পূর্ব বর্ধমান জেলা পুলিশ। মঙ্গলবার বর্ধমান শহরে অভিযানে নেমে বিপুল পরিমানে নিষিদ্ধ বাজি বাজেয়াপ্ত করে পুলিশ। বর্ধমান শহরের তেঁতুলতলা বাজার এলাকায় রয়েছে প্রচুর ছোট-বড় মুদি-স্টেশনারি দোকান সঙ্গে বাজির দোকানও। মঙ্গলবার দুপুরে হঠাৎ জেলাপুলিশ ও বর্ধমান থানার বিশাল পুলিশ বাহিনী যৌথ ভাবে অভিযান চালায় এলাকায়। এলাকার কয়েকটি দোকানে অভিযান চললেও একটি দোকান থেকে পাওয়া যায় প্রচুর নিষিদ্ধ বাজি। পুলিশ সূত্রে খবর, সেখান থেকে বাজেয়াপ্ত করা হয় প্রায় কয়েক কুইন্ট্যাল নিষিদ্ধ বাজি। যার বাজার মূল্য প্রায় লক্ষাধিক টাকার বেশি। বাজেয়াপ্ত করা বাজি পুলিশের দু'টি গাড়ি ভর্তি করে নিয়ে যায় পুলিশ। যেহেতু তেঁতুলতলা একটি বাজার এলাকা, সেহেতু এতো পরিমাণ বাজি উদ্ধারে বর্ধমান শহরজুড়ে ছড়িয়েছে আতঙ্ক। অভিযানের নেতৃত্বে থাকা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার কল্যাণ সিংহ রায় বলেন, 'বেআইনি বাজি মজুত হচ্ছে কিনা তা দেখতে অভিযানে নামা হয়। অভিযানের ফলে প্রচুর পরিমাণে বেআইনি বাজি বাজেয়াপ্ত করা হয়েছে। এই ধরনের বাজি মজুত রাখার জন্য যথাযথ কোন কাগজ দেখাতে না পারার জন্য একজন বিক্রেতাকে আটক করা হয়।' এছাড়া জেলা পুলিশের পক্ষ থেকে জেলা জুড়ে বেআইনি বাজির উপর অভিযান চলবে জানা গেছে।

মিডিয়া কারও নয়, আবার মিডিয়া সবার : অর্জুন সিং

নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: একটি বেসরকারি টেলিভিশন চ্যানেলের অনুষ্ঠানে প্রধান অথিতি হিসেবে দুর্গাপুরে এলেন ব্যারাকপুরের সাংসদ অর্জুন সিং। সঙ্গে জামুড়িয়ার বিধায়ক হারেরাম সিং ও বিশিষ্ট পলিটিক্যাল এনালিস্ট শেখর ভট্টাচার্য। অর্জুন সিং বলেন, 'মিডিয়া কারও নয়। আবার মিডিয়া সবারই।' প্রত্যেক সাংবাদিকদের সম্মান জানিয়ে বলেন, 'নির্ভীক এবং সৎ সাংবাদিক যেখানে পৌঁছে যান যত বড়ই মানুষ হন একবার ভাবেন। কারন এই চতুর্থ স্তম্ভের ক্ষমতা অপরিসীম। সংবাদ মাধ্যমের গুরুত্ব চিরদিন ছিলো থাকবে।' যে বেসরকারি সংবাদ মাধ্যমের অনুষ্ঠানে এসেছিলেন তার কর্ণধার মদন সিং এর শক্তি এবং দূরদৃষ্টির ভূয়সী প্রশংসা করে তিনি। বহু ছেলে মেয়েদের কর্মসংস্থান সহ বহু মানুষ গড়ছেন তিনি।

কাজের টোপ ফেলে পাচার! ভিন রাজ্য থেকে ধৃত যুবক

নিজস্ব প্রতিবেদন, অশোকনগর: সোশ্যাল মিডিয়াতে ফাঁদ পেতে যুবতীকে কাজের প্রতিশ্রুতি দিয়ে ভিন রাজ্যে নিয়ে গিয়ে বিক্রি করে দেওয়ার অভিযোগ উঠল এক যুবকের বিরুদ্ধে। অভিযুক্তের নাম দেবজিৎ দাস ওরফে বাবাই। অশোকনগর থানা থেকে পুলিশের চার জনের দল গিয়ে পটনার রামকৃষ্ণনগর থানা এলাকা থেকে গ্রেপ্তার করে অভিযুক্তকে। ট্রানজিট রিমান্ডে নিয়ে আসা হয় অশোকনগরে। পুলিশ সূত্রে জানা যায়, সোশ্যাল মিডিয়া হাতিয়ার করেই যুবতীকে কাজের প্রতিশ্রুতি দিয়ে ভিন রাজ্যে নিয়ে যাওয়া হয়েছিল। গত ১৭ তারিখ যুবতীর মায়ের করা অভিযোগের ভিত্তিতে তদন্তে নামে অশোকনগর থানার পুলিশ। ভিন রাজ্য থেকে বিশেষ দল গিয়ে উদ্ধার করে যুবতীকে। অভিযুক্তকেও গ্রেপ্তার করে নিয়ে আসা হয়। নির্যাতিতা যুবতী জানান, তিনি পেশায় ডান্সার। আর্থিক সচ্ছলতা না থাকায় ইভেন্টের কাজে মাসিক চুক্তির ভিত্তিতে তাকে নিয়ে যাওয়া হয় ভিন রাজ্যে। এরপরই, উপার্জনের জন্য ভিন রাজ্যে গেলেও তাকে আটকে রাখার অভিযোগ ওঠে ওই যুবকের বিরুদ্ধে। এমনকী মারধর করার অভিযোগ ওঠে ওই যুবকের বিরুদ্ধে। যুবতী জানান, ঘরে আটকে রেখে অত্যাচারের পাশাপাশি জোর করে নেশা করানো হতো। কোনওরকমে প্রাণ বাঁচাতে বাড়িতে খবর দেন তিনি। এরপরই অশোকনগর থানার পুলিশ গিয়ে উদ্ধার করে নিয়ে আসে যুবতীকে।

মাইক বাজানো নিয়ে ধুন্ধুমার, অবরোধ ও পুলিশের লাঠিচার্জ

নিজস্ব প্রতিবেদন, হুগলি: মাইক বাজানোকে কেন্দ্র করে ধুন্ধুমার আরামবাগের পুরশুড়ার সোদপুর এলাকা। পথ অবরোধ ও তা তুলতে পুলিশের লাঠিচার্জের জেরে সকাল থেকেই উত্তেজনা ছড়াল সোদপুর বাসস্ট্যান্ড এলাকায়। জানা গিয়েছে, সোমবার পুজোয় মাইক বাজানোকে কেন্দ্র করে অশান্তি হয়। পুলিশ রাতে ওই এলাকায় হানা দিয়ে মাইক সেটগুলি আটক করে। এরই প্রতিবাদে এদিন সকালে আরামবাগ চাঁপাডাঙায় সোদপুর বাসস্ট্যান্ডে রাস্তার উপর কাঠের গুঁড়ি ফেলে পথ অবরোধ করে স্থানীয় বাসিন্দারা।

অবরোধকারীদের অভিযোগ, নিয়মমতোই মাইক বাজানো হচ্ছিল।পুলিশ কোন কারন ছাড়াই মাইক তুলে নিয়ে যায়। এই বিষয়ে সোদপুর গ্রামের পুজো কমিটির একজন সদস্য জানান, নিয়মমতোই মাইক বাজানো হবে। কমিটির পক্ষ থেকে নিষেধ করা সত্ত্বেও গ্রামের ছেলেরা পথ অবরোধ করে। পুজোর জন্য প্রশাসনের অনুমতি নেওয়া হয়েছে। কিন্তু মাইক বাজানোর আগেই মেশিন ও মাইক আটক করা হয়। তারই প্রতিবাদে পথ অবোরধ করে ছেলেরা। তবে মাইক নিয়ন্ত্রণেই বাজানো হবে। এদিকে অবরোধের জেরে তীব্র যানযটের সৃষ্টি হলে অবশেষে লাঠিচার্জ শুরু করে পুলিশ অবরোধকারীদের এলাকা থেকে হঠিয়ে দেয়। এই বিষয়ে আরামবাগের এসডিপিও অভিষেক মণ্ডল জানান, সোমবার রাতে সোদপুরে ডিজে বক্স বাজানোর জন্য রাস্তার ধারে বক্সসহ মাইক সেট বসানো হয়। অভিযোগের ভিত্তিতে পুলিশ ব্যবস্থা নেয়। ডিজে বক্স ও মাইক আটক করা হয়। কিন্তু সকালে ওই এলাকার ছেলেরা পথ অবরোধ করে। পুলিশের পক্ষ থেকে বার বার অবরোধ তুলে নেওয়ার কথা বলা হলেও তারা তোলেনি। তাই পুলিশের পক্ষ থেকে অবরোধ তুলে দেওয়া হয়।

মহকুমাশাসকের কার্যালয়ে রক্তদান শিবির, যোগ ৭০টি ক্লাব ও সংগঠনের

নিজস্ব প্রতিবেদন, ডায়মন্ড হারবার: হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রের ব্লাড ব্যাংকগুলোতে গ্রীষ্মকালীন রক্তের ঘাটতি মেটাতে বিশেষ উদ্যোগ নিলো ডায়মন্ড হারবার মহকুমা প্রশাসন। এলাকার বিভিন্ন ক্লাব ও স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিদের নিয়ে সোমবার একটি বৈঠকের আয়োজন করা হয়। প্রত্যেককেই দ্রুত রক্তদান শিবির আয়োজন করার আর্জি জানানো হয়েছে প্রশাসনের তরফে। মহকুমা শাসকের কার্যালয়ে আয়োজিত এই বৈঠকে যোগ দিয়েছিলেন ৭০টি ক্লাব ও স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিরা। উপস্থিত ছিলেন মহকুমা শাসক অঞ্জন ঘোষ, এসডিপিও মিতুন কুমার দে, ডায়মন্ড হারবার মেডিক্যাল কলেজ এন্ড হসপিটাল-এর প্রিন্সিপাল উৎপল দাঁ, ডেপুটি সুপার সুপ্রিম সাহা প্রমুখ। ইতিমধ্যেই শহরের নিউটাউন স্পোর্টিং ক্লাব, ডায়মন্ড ক্লাব এন্ড লাইব্রেরি, ইয়ং ফাইটার্স ক্লাব, বাটা পাম্প স্পোর্টিং ক্লাব, শিবালয় ইয়ং স্টার ক্লাব, পুরাতন বাজার ইউথ ক্লাব সহ বেশ কিছু ক্লাব জরুরি ভিত্তিতে রক্তদান শিবির আয়োজন করতে আগ্রহ প্রকাশ করেছে। মহকুমা শাসক অঞ্জন ঘোষ বলেন, 'ডায়মন্ড হারবার মহকুমায় কয়েক হাজার থ্যালাসেমিয়া রোগী রয়েছেন, এছাড়াও অন্যান্য ক্ষেত্র মিলিয়ে প্রতিমাসে প্রায় দুহাজার ইউনিট রক্তের প্রয়োজন হয় হাসপাতালে। গরমে রক্তের প্রয়োজন বেড়েছে, অথচ ব্লাড ব্যাঙ্কগুলিতে রক্ত কম।

একটি স্বেচ্ছাসেবী সংস্থার সদস্য বলেন, 'আমরা বছরে তিনবার রক্তদান শিবিরের আয়োজন করে থাকি এবং প্রতিবারেই প্রায় শতাধিক মানুষ রক্তদান করেন। এবারেও গ্রীষ্মকালীন রক্ত ঘাটতি মেটাতে শিবির করতে আগ্রহী।'

ইন্ডিয়ান ব্যাঙ্ক
ঠাকুরপুকুর ব্রাঞ্চ
২৩৮ ডি. এইচ. রোড, পঞ্চাননতলা, ঠাকুরপুকুর, কলকাতা - ৭০০০৬৩

দখল নোটিশ (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু :
নিম্নস্বাক্ষরকারী ইন্ডিয়ান ব্যাঙ্ক (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক) অনুমোদিত অফিসার হিসেবে ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে ০৫.০১.২০২৩ তারিখে ঋণগ্রহীতাগণ **মেসার্স অধিকারী নার্সারি (ঋণগ্রহীতা), স্বত্বা- শ্রী সুতনু অধিকারী, গ্রাম - কঙ্গনবেড়িয়া, পূর্ব সাঁতরা পাড়া, পো.-কঙ্গনবেড়িয়া, থানা - বিষ্ণুপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগনা, পিন - ৭৪৩৫০৩, শ্রী সুতনু অধিকারী (ঋণগ্রহীতা/বন্ধকদাতা) এবং শ্রীমতি মধুমিতা অধিকারী (জামিনদাতা)** আমাদের ঠাকুরপুকুর শাখা নোটিশে উল্লিখিত পরিমাণ **৪৭৩৪৪৫৫.০০ টাকা (সাতচল্লিশ লাখ চৌত্রিশ হাজার চারশ পঞ্চান্ন টাকা) টাকা ০৪.০১.২০২৩** অনুযায়ী পরবর্তী সুদ চুক্তির হারে ০৫.০১.২০২৩ থেকে সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত এবং শুল্ক এবং ব্যয় সহ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতাগণ এবং বন্ধকদাতাগণ বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা(গণ) এবং বন্ধকদাতা(গণ) এর প্রতি বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ এবং ৯ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত বিস্তারিত মতে সম্পত্তির স্বত্ব দখল করেছেন **২২ মে ২০২৩ তারিখে।**
ঋণগ্রহীতাগণকে এবং বন্ধকদাতাগণকে বিশেষভাবে এবং সাধারণকে সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে তারা যেন কোনওভাবেই সংশ্লিষ্ট সম্পত্তির লেনদেন না করেন এবং কোনওরূপ লেনদেন ইন্ডিয়ান ব্যাঙ্ক-এর **৪৭৩৪৪৫৫.০০ টাকা (সাতচল্লিশ লাখ চৌত্রিশ হাজার চারশ পঞ্চান্ন টাকা) টাকা** পরবর্তী সুদ সহ আদায়দান সাপেক্ষ।
"ঋণগ্রহীতা/জামিনদাতা/বন্ধকদাতার অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত সারফেসি আইনের ১৩(৮) ধারা এবং উক্ত রুলসের সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায়দান সাপেক্ষে জামিনদত্ত সম্পদ উদ্ধার করতে পারেন।"

স্থাবর সম্পত্তির বিস্তারিত

সংশ্লিষ্ট জমির সকল অংশ এবং তদস্থিত নির্মিত ভবন জমির পরিমাণ কম বেশি ৪-৫/৮ ডেসিমেল অবস্থিত মৌজা কঙ্গনবেড়িয়া, তৌজি নং ২ এবং ১৬ (আরএস ৯১), জেএল নং ৪১, পরগনা মাগুরা, খতিয়ান নং ৪১৫, দাগ নং ৪৪০, কঙ্গনবেড়িয়া গ্রাম পঞ্চায়েত অধীন নথিভুক্ত দান দলিল নং আই-০৪৯০৫ তারিখ ২৪.১০.২০০৮ নথিভুক্ত বুক নং আই, ভল্যুম নং ১৯, পৃষ্ঠা ৪১০-৪২৬, রেজিস্ট্রিকৃত এডিএসআরও বিষ্ণুপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগনা ঠিকানায় শ্রী সুতনু অধিকারী, পিতা অনাথ নাথ অধিকারীর নামে সমুদয় সম্পত্তি। চৌহদ্দি - উত্তরে - সুশীল মান্না এবং সুনীল মান্নার সম্পত্তি, পশ্চিমে - পঞ্চায়েত সড়ক, দক্ষিণে - বিশ্বনাথ অধিকারীর সম্পত্তি, পূর্বে - বিশ্বনাথ অধিকারী এবং রবীন অধিকারীর সম্পত্তি সমন্বিত।

তারিখ : ২৪.০৫.২০২৩, স্থান : কলকাতা — স্বা/- অনুমোদিত অফিসার, ইন্ডিয়ান ব্যাঙ্ক

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
9331059060–
9831919791

বঁক অঁফ ইন্ডিয়া Bank of India BOI
Relationship beyond banking
বর্ধমান জোনাল অফিস, এস্টেট ডিপার্টমেন্ট
৪৪৬/এন, আর্মস্ট্রং অ্যাভিনিউ, সেক্টর ২এ, বিধান নগর, দুর্গাপুর-৭১৩২১২,
যোগাযোগ নং - ৮৯৬৭৮৪৬৭৬৬, ইমেল - bardhaman.estate@bankofindia.co.in

ভাড়া / লিজে প্রেমিসেসে প্রয়োজন

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, বর্ধমান জোনাল অফিসের গ্রাম- বুলচন্দ্রপুর, পোস্ট- পাইন্টা, থানা- রায়না, জেলা- পূর্ব বর্ধমান -এ প্রথম তলা/দ্বিতীয় তোলা/সম্মিলিত প্রথম ও দ্বিতীয় তলায় **১০০০ থেকে ১৪০০ বর্গফুট (প্রায়)** লিজ ভিত্তিতে একটি সু-নির্মিত বাণিজ্যিক জায়গা প্রয়োজন। আরও বিশদ বিবরণের জন্য, অনুগ্রহ করে "টেন্ডার" ট্যাবের অধীনে ব্যাঙ্কের ওয়েবসাইট www.bankofindia.co.in দেখুন বা উপরের ঠিকানায় আমাদের জোনাল অফিসে যোগাযোগ করুন।
টু বিড সিল করা কভারে আবেদন জমা দেওয়ার শেষ তারিখ **১৪.০৬.২০২৩** বা তার আগে **বিকাল ০৪.০০টা পর্যন্ত**। কোনো কারণ না দেখিয়ে যে কোনো বা সব বিড বাতিল করার অধিকার ব্যাংক সংরক্ষণ করে।

জোনাল ম্যানেজার, বিওআই বর্ধমান জোন

বঁক অঁফ ইন্ডিয়া Bank of India BOI
Relationship beyond banking
বর্ধমান জোনাল অফিস
৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধাননগর, সেক্টর-২এ, দুর্গাপুর, জেলা- বর্ধমান, পিন-৭১৩২১২, ফোন নং- ০৩৪২-২৬৬৫৭০৩
দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট-৪ [রুল-৮(১) দেখুন]

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, পুরুলিয়া শাখার অনুমোদিত আধিকারিক হিসেবে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৩-এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২) অধীনে অর্পিত ক্ষমতাবলে **২০.০২.২০২৩** তারিখে দাবি বিজ্ঞপ্তি প্রদানপূর্বক ঋণগ্রহীতা **শ্রী দীনেশ আগরওয়াল এবং শ্রীমতী বেবি আগরওয়াল** - কে আহ্বান জানিয়ে নোটিসে উল্লিখিত পরিমাণ **১৩,২৮,২৬৫.১৮ টাকা (তেরো লক্ষ আঠাশ হাজার দুইশত পয়ষট্টি টাকা এবং আঠারো পয়সা মাত্র)** উক্ত বিজ্ঞপ্তি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের ভিতর পরিশোধ করতে বলেন।
ঋণগ্রহীতা টাকার অঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, বিশেষভাবে ঋণগ্রহীতাকে ও সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নীচে উল্লিখিত সম্পত্তির দখল নিয়েছেন সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২-এর রুল ৮-এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩ -এর সাব-সেকশন (৪) অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে, **১৯ মে, ২০২৩** তারিখে।
বিশেষভাবে ঋণগ্রহীতাকে ও সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই বিষয় সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেনে **১৩,২৮,২৬৫.১৮ টাকা (তেরো লক্ষ আঠাশ হাজার দুইশত পয়ষট্টি টাকা এবং আঠারো পয়সা মাত্র)** এবং তার উপর আরও সুদ এনপিএ এর তারিখ ২০.১১.২০২২ থেকে ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, পুরুলিয়া শাখার ধার্য সাপেক্ষ হবে।
ঋণগ্রহীতাগণের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হতে।

স্থাবর সম্পত্তির বিবরণ

সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যা মৌজা পুরুলিয়া, ওয়ার্ড নং ১৪, ভাগাবাঁধপাড়া (ডোম পাড়া গলি),বর্তমান হোল্ডিং নং ৪২২, ৪২৩, আরএস খতিয়ান নং ২৩৮২, আরএস প্লট নং- ১১৭৫৩, এলাকা ১১৬৯ বর্গফুট অর্থাৎ ১ কাঠা ১০ ছটাক সম্পূর্ণ বাস্তু বাড়ি অর্থাৎ প্রথমতল ৪৮২ বর্গফুট এবং টিনের চালা ২১৭ বর্গফুট, দ্বিতীয় তল ৪৮২ বর্গফুট ফুট, জেলা- পুরুলিয়া। **সম্পত্তিটি চতুর্দিক পরিবেষ্টিত:-** উত্তর- রাহিনী কর্মকারের বাড়ি, দক্ষিণ- গোপাল মুখার্জির বাড়ি, পূর্ব- রাধেনাথ দাসের বাড়ি, পশ্চিম- পৌরসভা রোড ৬'-৬" দ্বারা।

তারিখ: ১৯.০৫.২০২৩ — অনুমোদিত অফিসার
স্থান: পুরুলিয়া — ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

কলকাতা ডেটস্ রিকভারি ট্রাইবুনাল-২
জীবন সুধা বিল্ডিং, ৮ম তল,
৪২ সি, জওহরলাল নেহরু রোড, কলকাতা-৭০০ ০৭১

কেস নং-আরসি/১০/২০২১

ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া- বনাম - মেসার্স মনিকা এন্টারপ্রাইজ এবং অন্যান্য

বিক্রয় বিজ্ঞপ্তি

এলডি. রিকভারি অফিসার, ডিআরটি-২, কলকাতা, কর্তৃক জারি করা ০২.০৪.২০২৩ তারিখের আদেশ অনুসারে নিম্নলিখিত স্থাবর সম্পত্তি বিক্রয় করা হবে,
" কমবেশি ০৫ কাঠা পরিমাপের জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যা মৌজা জিয়াডোবা এ অবস্থিত, জেএল নং ৪২, প্লট নং ডি৭৬/বি/১, এলআর এবং আরএস দাগ নং ৬১/১৬২৯, আরএস খতিয়ান নং ৫৬৬, এলআর খতিয়ান নং. ৪১৮, থানা - সালানপুর, চৌকি এবং এডিএসআর অফিস আসানসোল, জেলা- পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, ২০১১ সালের দলিল নং ৫১২৩-এ আরও সম্পূর্ণভাবে বর্ণনা করা হয়েছে" ই-অকশনের মাধ্যমে **"যেখানে যেমন আছে"** ভিত্তিতে পাবলিক নিলামের মাধ্যমে এবং ট্রাইব্যুনালের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে। ইচ্ছুক ক্রেতাদের ডিমান্ড ড্রাফ্ট/পে অর্ডার আকারে সম্পত্তির সংরক্ষিত মূল্যের @ ১০% একটি বায়না অর্থ জমা করতে হবে শুধুমাত্র রিকভারি অফিসার, ডিআরটি-২, কলকাতার অনুকূলে বা সার্টিফিকেট হোল্ডার ব্যাংকের পরামর্শ নিয়ে নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। উল্লিখিত আমানত সফল দরদাতার ক্ষেত্রে সমন্বয় করা হবে এবং ই-নিলাম প্রতিবেদন প্রাপ্তির পরে অন্য দরদাতাদের কাছে ফেরত দেওয়া হবে। সফল দরদাতাকে বিক্রয়ের পরের দিন বিকাল ৪ টা এর মধ্যে বায়নার অর্থ সমন্বয় করার পর বিক্রয় প্রসিডস ২৫% জমা করতে হবে, যদি পরের দিন ছুটির দিন বা রবিবার হয় তাহলে ১ম কার্যদিবসে, তা না হলে বায়না বাজেয়াপ্ত করা হবে।
ক্রেতাকে নিলাম বিক্রয়ের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে বিক্রয় মূল্যের অবশিষ্ট ৭৫% জমা করতে হবে। যে রিজার্ভ মূল্যের নিচে সম্পত্তি বিক্রি করা হবে না তা হল **৬,৫৪,০০০/- টাকা (ছয় লক্ষ চুয়ান্ন হাজার টাকা মাত্র), সংরক্ষিত মূল্যের ১% হবে ইনক্রিমেন্ট বিডের পরিমাণ।** অন্যান্য শর্তাবলী ০২-০৫-২০২৩ তারিখের নিম্নস্বাক্ষরকারী দ্বারা বিক্রয়ের ঘোষণা অনুসারে একই থাকবে।
এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হল যে উল্লিখিত সম্পত্তি অনলাইন অকশনের (ই- অকশন) মাধ্যমে বিক্রি করা হবে যা **০৫.০৭.২০২৩ তারিখে বিকাল ৩.০০টা থেকে বিকাল ৪.০০টা** পর্যন্ত ই-নিলাম প্ল্যাটফর্ম **http://drt.auctiontiger.net** এ **৩ মিনিটের সীমাহীন** এক্সটেনশন সহ। সম্ভাব্য দরদাতাকে **http://drt.auctiontiger.net** থেকে বিক্রয় ঘোষণা এবং বিক্রয় বিজ্ঞপ্তি ডাউনলোড করতে হবে এবং ০৩-০৭-২০২৩ তারিখে বা তার আগে ডিমান্ড ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে রিকভারি অফিসার, ডিআরটি-২, কলকাতা কলকাতায় প্রদেয় তাদের অফার ও বায়না অর্থ সহ নিলামে অংশগ্রহণের জন্য তাদের নাম নিবন্ধন করতে হবে।
তবে নিলামের সময় নেটওয়ার্কের মাধ্যমে কোনো ত্রুটির জন্য নিম্নস্বাক্ষরকারী দায়ী থাকবে না।
ইউজার আইডি এবং পাসওয়ার্ড, যদি থাকে, সরাসরি নিবন্ধিত অংশগ্রহণকারীদের/ইচ্ছুক ক্রেতাকে ই-অকশন প্রদানকারী কোম্পানি মাধ্যমে, লগইন করার জন্য এবং অন-লাইনের মাধ্যমে নিলামে অংশগ্রহণের জন্য আরও নির্দেশনা সহ পাঠানো হবে।
অনুমোদিত নিলাম পরিষেবা প্রদানকারী মেসার্স **ই-প্রকিউরমেন্ট টেকনোলজিস লিমিটেড এর বিবরণ, মোবাইল নম্বর ৯৯৭৮৫৯১৮৮, ই-মেইল : support@auetiontiger.net।**
বিস্তারিত পদ্ধতি, নিয়ম ও শর্তাবলী এবং ই-নিলামের ক্ষেত্রে অন্য কোন সাহায্য/সহায়তার জন্য আগ্রহী দরদাতারা **http://drt.auctiontiger.net** ওয়েবসাইট ভিজিট করতে পারেন । পরিদর্শন এবং অন্যান্য বিবরণের জন্য **শ্রী সুদীপ্ত মল্লিক, মোবাইল নম্বর- ৯৮৩১০ ৮২৮৬৪ - এর সঙ্গে যোগাযোগ করুন।**

স্বা/-
স্থান: কলকাতা — (এস. বিশ্বাস)
তারিখ: ২৪.০৫.২০২৩ — রিকভারি অফিসার

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ALLAHABAD
ইন্ডিয়ান ব্যাঙ্ক
জোনাল অফিস : কলকাতা সেন্ট্রাল
৫ম এবং ৬ষ্ঠ তল, ৩৭৭ এবং ৩৭৮, ব্লক-জিডি সেক্টর - III
সল্টলেক কলকাতা - ৭০০ ১০৬, ফোন (০৩৩) ৪০২৫ ৯৭১৮
বিক্রয় নোটিশ স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য

স্থাবর সম্পদের বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) সংস্থান অধীনে
এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ)এর প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট বন্ধকদত্ত/দায়বদ্ধ নিম্নোক্ত সম্পত্তি ইন্ডিয়ান ব্যাঙ্ক, জামিন অধীনে ঋণদাতার অনুমোদিত অফিসার কর্তৃক প্রতীকী স্বত্ব দখলীকৃত "যেখানে যে অবস্থায় আছে", "যেখানে যা আছে" এবং "যেখানে যেমন আছে" ভিত্তিতে বিক্রি করা হবে ২৭.০৬.২০২৩ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪ টার মধ্যে প্রতিটি অ্যাকাউন্টের অধীনে ইন্ডিয়ান ব্যাঙ্ক, জামিন অধীনে ঋণদাতার নিকট বকেয়া আদায়ের জন্য।
ই-নিলাম প্রক্রিয়া অধীনে বিক্রয় অধীন সম্পত্তির নিম্নোক্ত মতে নির্দিষ্ট বিস্তারিত।

ক্র. নং	ঋণগ্রহীতা এবং শাখার নাম	সম্পত্তির বিস্তারিত	ক) সম্পত্তির দায়বদ্ধতা খ) দখলের ধরন	ক) সংরক্ষিত মূল্য (টাকায়) খ) ইএমডি পরিমাণ (টাকায়)	ডাক বর্ধিতকরণ পরিমাণ (টাকায়)	ক) বকেয়া পরিমাণ (টাকায়) খ) সম্পত্তির আইডি
১.	**সুদীপ রায় শাখা : শ্যামবাজার - ২**	সংশ্লিষ্ট বাস্তু জমির সকল অংশ পরিমাপ ১ কাঠা ১২ ছটাক ১ বর্গফুট কম বেশি পরিমাণ এবং তদস্থিত নির্মাণ পরিমাণ ১০০ বর্গফুট কম বেশি অবস্থিত মৌজা-বরমাসুরে, কেএমসি ওয়ার্ড নং ১০১, কেএমসি প্রেমিসেস নং ১৫২, পূর্ব ফুলবাগান এবং ফুলবাগান রোড, ডাক ঠিকানা ৫৫/২, পূর্ব ফুলবাগান, পো. বাঘাযতীন, থানা-পাটুলি, কলকাতা - ৭০০০৮৬, তৌজি-১৫১৬-১৫১৮, আরএস নং ১৭, জেএল নং ৩১, সিএস খতিয়ান নং ২২৮, সিএস দাগ নং ২৪১ (অংশ) আরএস খতিয়ান নং ৪১১ এবং আরএস দাগ নং ১৯৪ এবং ১৯৪/৭৬৩, জেলা - দক্ষিণ ২৪ পরগনা, নথিভুক্ত বুক নং আই, সিডি ভল্যুম নং ১৬০১-২০১৫, পৃষ্ঠা - ৫৯৬৬-৫৯৬৮৮ দলিল নং ১৬০১০৪২০৯-২০১৫ সালের, রেজিস্ট্রিকৃত ডিএসআর-১, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ ঠিকানায় সমুদয় সম্পত্তি। **চৌহদ্দি : উত্তরে** : ১৫ ফুলবাগান, **দক্ষিণে** : ৫৯/৬ ফুলবাগান, **পূর্বে** : ৫৯/৭ ফুলবাগান, **পশ্চিমে** : ৫৫/২ ফুলবাগান এবং সড়ক সমন্বিত।	ক) নেই খ) প্রতীকী	ক) ৩১,০০,০০০ টাকা খ) ৩,১০,০০০ টাকা	২৫,০০০ টাকা	ক) ১৯১৫৬৯২/- টাকা ২২.০৫.২০২৩ অনুযায়ী এমওআই সহ খ) আইডিআইবি ৫০৪৮২৯৩৪৯২৬

ডাকদাতাদের ওয়েবসাইট দেখতে পরামর্শ দেওয়া হচ্ছে **(www.mstcecommerce.com/auction/home/ibapi)** আমাদের ই-নিলাম পরিষেবা প্রদয়াক সংস্থা এমএসটিসি লি. এর অনলাইন ডাকে অংশ